

আপনার শহরকে পরিচ্ছন্ন
ও সবুজ রাখুন



শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

চট্টগ্রাম সিটি কর্পোরেশন সচিবালয় বিভাগ

স্থানীয় সরকার বিভাগ কর্তৃক বাস্তবায়নাধীন ও জাইকা সহায়তাপুষ্ট 'স্ট্রেনদেনিং ক্যাপাসিটি ফর সিটি কর্পোরেশন' প্রকল্পের
আওতায় চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সিটি লেবেল কো-অর্ডিনেশন কমিটি (সি.এলসিসি)র ১ম সভার কার্যবিবরণী।

সভাপতি	:	জনাব মোঃ রেজাউল করিম চৌধুরী মাননীয় মেয়র, চট্টগ্রাম সিটি কর্পোরেশন
সভার স্থান	:	আন্দরকিল্লাস্থ পুরাতন নগর ভবনের কে.বি আবদুচ ছত্তার মিলনায়তন
সভার তারিখ	:	১১ ডিসেম্বর, ২০২২ খ্রি.
সময়	:	বেলা ১১.০০ ঘটিকা

সভার শুরুতে মাননীয় মেয়র বীর মুক্তিযোদ্ধা মোঃ রেজাউল করিম চৌধুরী অনুষ্ঠিত সভায় উপস্থিত মেয়র প্যানেলের সদস্যবৃন্দ, বীর মুক্তিযোদ্ধা, উপস্থিত সরকারি ও অসরকারি কর্মকর্তা-কর্মচারীবৃন্দকে স্বাগত জানান। অতঃপর সভা পরিচালনা করার জন্য চসিকের সচিব জনাব খালেদ মাহমুদকে অনুরোধ জানালে তিনি সভার কার্যক্রম শুরু করেন। তিনি বলেন, সিটি কর্পোরেশনের কার্যক্রমে আরও গতি সঞ্চার করতে সিটি লেবেল কো-অর্ডিনেশন কমিটি গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। নাগরিক পরিষেবার উন্নতিতে সকল শ্রেণি পেশার প্রতিনিধিদের সক্রিয় অংশগ্রহণের মাধ্যমে মতামত গ্রহণ ও বাস্তবায়নে ওয়ার্ড কমিটি গঠন করা হবে। এ পর্যায়ে সভায় উপস্থিত সভ্যগণ তাদের সুচিন্তিত মতামত দেন।

মাননীয় মেয়র বীর মুক্তিযোদ্ধা মোঃ রেজাউল করিম চৌধুরী বলেন, চট্টগ্রাম বাংলাদেশের অর্থনীতির প্রাণকেন্দ্র চট্টগ্রামের উন্নয়নের সাথে বাংলাদেশের সমৃদ্ধি বহুলাংশে জরিত। এজন্য মেয়র পদে দায়িত্ব গ্রহণের পর থেকেই চট্টগ্রামের উন্নয়ন পরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়নের ক্ষেত্রে জনগণের মতামত যাচাইকে গুরুত্ব দিচ্ছি। বিভিন্ন জরিপ, গবেষণা, বিশেষজ্ঞ মতামত, আধুনিক রাস্ত্রসমূহের পদ্ধতি ইত্যাদিকে অনুসরণ করছি। উন্নয়ন পরিকল্পনাকে সফল করতে জনগণকে সম্পৃক্ত করতে চাচ্ছি কারণ যাদের জন্য উন্নয়ন তারা সম্পৃক্ত হলেই কেবল উন্নয়ন সফল এবং টেকসই হবে।

ক্যাব সভাপতিএস এম নাজের হোসেন বলেন, মাননীয় প্রধান মন্ত্রী প্রদত্ত ২৫০০ কোটি টাকার প্রকল্পে ঘনবসতিপূর্ণ চট্টগ্রামের যানজট হ্রাস এবং ভবিষ্যতের জন্য নগরীকে প্রস্তুত করতে চলমান প্রকল্প বেশ সহায়ক হবে।

চসিক কাউন্সিলর জনাব নাজমুল হক বলেন, বাংলাদেশে সিটি কর্পোরেশনগুলোর মধ্যে শিক্ষা খাতে সবচেয়ে বেশি বিনিয়োগ করে চসিক যাতে ভবিষ্যৎ প্রজন্ম উন্নয়ন কার্যক্রমের সবচেয়ে বড় সুফলভোগী হয়। এছাড়া আমরা স্বাস্থ্য কার্যক্রমেরও প্রসার ঘটাইচ্ছি। আমাদের প্রত্যাশা আগামী চট্টগ্রাম হবে সুশিক্ষিত, সুস্বাস্থ্যবান চট্টগ্রাম।

সম্মানিত প্যানেল মেয়র আফরোজা কালাম বলেন, ওয়ার্ডে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের অভ্রান্তরীণ ও প্রাতিষ্ঠানিক বিষয়ে অংশীজনদের আলোচ্য বিষয়সমূহ সম্পর্কে অবহিত করতে সভা/সেমিনার এবং প্রশিক্ষণ আয়োজন কতে হবে।

মমতার প্রতিষ্ঠাতা সভাপতি ও লায়ন রফিক আহমদ বলেন, বিভিন্ন সেবায় অগ্রাধিকার তালিকা করে জনগণকে আরো বেশি সম্পৃক্ত করার ব্যাপারে উদ্যোগ নেয়া উচিত বলে মনে করেন। অনলাইন হোল্ডিং ট্যাক্স এর বিষয়টা অনেক জনগণ এখনো জানে না, সকলে জানলে ট্যাক্স প্রদানের হার আরো বাড়তে পারতো বলে তিনি মনে করেন।

চট্টগ্রাম প্রেস ক্লাবের ষাধারণ সম্পাদক পন চক্রবর্তী বলেন, চট্টগ্রাম শহরে আইন ট্রাফিক জ্যাম নিরসনে আধুনিক ট্রাফিক সিস্টেম চালুর অনুরোধ জানান।

জাইকার সিফোরসি প্রকল্পের চীফ এডভাইজার মিজ নাওকো আনজাই জাপানের উন্নয়ন পদ্ধতির অভিজ্ঞতা নিয়ে আলোচনা করেন। তিনি আরও বলেন, জাপানের উন্নয়ন অভিজ্ঞতাকে কাজে লাগিয়ে চসিক বিভিন্ন সেবা সম্প্রসারণের মাধ্যমে জনসম্পৃক্ততা বাড়াতে পারে।।

বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্রমিক	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১.	চট্টগ্রাম সিটি কর্পোরেশনের অত্রস্তরীণ ও প্রাতিষ্ঠানিক বিষয়ে অংশীজনদের আলোচ্য বিষয়সমূহ সম্পর্কে অবহিত করতে সভা/সেমিনার এবং প্রশিক্ষণ আয়োজন কতে হবে।	১। সচিব, চসিক।
২.	নগরীর বহুদারহাট, জিইসি, আগ্রাবাদ বাদামতলী, কর্ণেল হাট, নিউমার্কেট, রেয়াজউদ্দিন বাজারসহ গুরুত্বপূর্ণ স্থানসমূহে হকার উচ্ছেদ এবং উচ্ছেদকৃত স্থানসমূহে যাতে পুনরায় হবার বসতে না পারে সে বিষয়ে কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে।	১। প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা, চসিক। ২। নির্বাহী ম্যাজিস্ট্রেট, চসিক।
৩.	মশক নিধনের বিষয়ে কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে।	১। প্রধান রাজস্ব কর্মকর্তা, চসিক
৪.	নগরের ১৫০ টি নির্দিষ্ট স্থানে পোস্টার লাগানো নিশ্চিত করতে হবে।	১। এস্টেট অফিসার, চসিক।
৫.	সেবা প্রদানের প্রতিশ্রুতি অনুযায়ী উল্লেখিত সময়ের জন্য সেবা প্রদান করতে হবে।	১। প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা, চসিক।
৬.	অনলাইন ও অফলাইনে প্রাপ্ত সকল অভিযোগ নির্ধারিত সময়ের মধ্যে নিষ্পত্তি করতে হবে।	১। প্রধান প্রকৌশলী, চসিক।

অতঃপর সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় সভাপতি কর্তৃক সভায় আগত প্রতিনিধিবৃন্দসহ উপস্থিত সকলকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন পূর্বক সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোঃ রেজাউল করিম চৌধুরী)
মেয়র
চট্টগ্রাম সিটি কর্পোরেশন

স্মারক নং: ৪৬.১১.১৬০০.০০১.১৮.০১৬.২২.

তারিখ:

অনুলিপি: জ্ঞাতার্থে

- ১। জনাব....., মেয়র প্যানেলের সদস্য, চট্টগ্রাম সিটি কর্পোরেশন।
- ২। জনাব....., সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড/সংরক্ষিত আসন নং-....., চসিক।
- ৩। একান্ত সচিব, মাননীয় মেয়র, চট্টগ্রাম সিটি কর্পোরেশন।
- ৪। বিভাগীয় প্রধান (সকল), চট্টগ্রাম সিটি কর্পোরেশন।
- ৫। জনাব ব্রজ কিশোর ত্রিপুরা, সিটি গভর্ন্যান্স স্পেশালিষ্ট, স্ট্রেনদেনিং ক্যাপাসিটি ফর সিটি কর্পোরেশন প্রকল্প, জাইকা।
- ৬। জনাব.....।

(মোহাম্মদ নজরুল ইসলাম)

সচিব (অ: দা:)

চট্টগ্রাম সিটি কর্পোরেশন